

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১০৩৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৩২]
৮/ বিভিন্ন নেক আমলের ফযীলত প্রসঙ্গে (کتاب الفضائل)
পরিচ্ছেদঃ ১৮৫: ওজুর ফযীলত

(185) بَابُ فَضِيْلِ الْوُضُوْءِ

আরবী

وَعَنْ عُمَرَ بِنِ الْخَطَّابِ رضي الله عنه عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ: مَا مِنْكُمْ مِنْ أَحَد يتَوَضَّأُ فَيُبْلِغُ أَنْ فَيُسْبِغُ أَلُوْضُوءَ، ثُمَّ يَقُوْلُ: أَشْهَدُ أَنْ لاَ إِلٰهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُولُهُ ؛ إِلاَّ فُتِحَتْ لَهُ أَبْوَابُ الجَنَّةِ الثَّمَانِيَةُ يَدْخُلُ مِنْ أَيِّهَا شَاءَ. رواه مسلم، وزاد الترمذي: اَللهم اجْعَلْنِي مِنَ التَّوَّابِينَ، وَاجْعَلْنِي مِنَ المَّتَطَهِّرِينَ

বাংলা

৯/১০৩৯। উমার ইবনে খান্তাব রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "পরিপূর্ণরূপে ওযু করে যে ব্যক্তি এই দো'আ বলবে, 'আশহাদু আল লা ইলা-হা ইল্লাল্লা-হু অহদাহু লা শারীকা লাহ, অ আশহাদু আলা মুহাম্মাদান আবদুহু অরাসূলুহ।' অর্থাৎ আমি সাক্ষ্ম দিচ্ছি যে, আল্লাহ ছাড়া অন্য কোনো সত্য উপাস্য নেই। তিনি একক, তাঁর কোন অংশী নেই এবং আমি আরও সাক্ষ্ম দিচ্ছি যে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর দাস ও প্রেরিত দূত (রাসূল)। তার জন্য জান্নাতের আটটি দরজা খুলে দেওয়া হবে, যে দরজা দিয়ে ইচ্ছা তাতে প্রবেশ করবে।" (মুসলিম) [1]

ইমাম তিরমিয়ী (উক্ত দুআর শেষে) এ শব্দগুলি অতিরিক্ত বর্ণনা করেছেন,

«اَللهم اجْعَلْنِي مِنَ التَّوَّابِينَ، وَاجْعَلْنِي مِنَ المُتَطَهِّرِينَ»

অর্থাৎ হে আল্লাহ! আমাকে তওবাকারী ও পবিত্রতা অর্জনকারীদের অন্তর্ভুক্ত কর। (তিরমিযী, সহীহ<, তামামুল মিন্নাহ দ্রঃ)

English

(185) Chapter: The Merits of Ablutions (Wudu')



'Umar bin Al-Khattab (May Allah be pleased with him) reported:

The Messenger of Allah (ﷺ) said, "Whoever of you performs Wudu' carefully and then affirms: 'Ash-hadu an la ilaha illallahu Wahdahu la sharika Lahu, wa ash-hadu anna Muhammadan 'abduhu wa Rasuluhu [I testify that there so no true god except Allah Alone, Who has no partners and that Muhammad ((ﷺ) is His slave and Messenger],' the eight gates of Jannah are opened for him. He may enter through whichever of these gates he desires (to enter)."

[Muslim].

In the narration in At- Tirmidhi, it is added: "Allahummaj-'alni minat-tawwabina, waj-'alni minal-mutatahhirin (O Allah make me among those who repent and purify themselves)."

Commentary: Tahur (means Wudu' which is the foremost condition for Salat. One is not permitted to perform Salat without Wudu' in the prescribed manner. Wudu' is regarded as "half of the Salat" and this principle makes its importance clear.

ফুটনোট

[1] মুসলিম ২৩৪, তিরমিয়ী ৫৫, নাসায়ী ১৪৮, ১৫১, আবূ দাউদ ১৬৯, ৯০৬, ইবনু মাজাহ ৪৭০, আহমাদ ১৬৯১২, ১৬৯৪২, ১৬৯৯৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ উমর ইবনুল খাতাব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন